

প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষা বৃত্তি প্রদান

রাজশাহী অফিসে ১১ রাজশাহী
নহানগরীর পাশ্চাত্য নওহাটা পৌর
এলাকায় প্রতিবন্ধী রয়েছে ৩৭৭ জন।
গত রবিবার নওহাটা পৌরসভা
মিলনায়তনে প্রতিবন্ধী স্বেচ্ছাসেবী
সোসাইটির উদ্যোগে ছাত্রছাত্রীদের
শিক্ষা সহায়তা প্রদান অনুষ্ঠানে এ
তথ্য জানা গেছে।
সোসাইটির নির্বাহী পরিচালক
(১০ম পৃ: স্র:)

প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের

(৭ম পৃ: পর)

নিজামুল হকের সভাপতিত্বে অনু-
ষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দৈনিক
সোনালী সংবাদে নির্বাহী সম্পাদক
মোনায়েজ্জম হোসেন পাটু। বিশেষ
অতিথি ছিলেন অন্নপূর্ণা জনকলাপ
সংস্থার সাধারণ সম্পাদিকা নীরা
রাণী সরকার, নদবাড়ী সরকারী
প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক
আমিন হোসেন ও স্ব-উন্নয়নের
প্রতিবন্ধী কর্মসূচী কর্মকর্তা জেবু-
নোয়া। অনুষ্ঠানে অধ্যয়নরত ১৫
জন প্রতিবন্ধীকে মাসিক ১০০
টাকা করে এক বছরের জন্য ১২
শত টাকা দেয়া হয়।